

**শিক্ষাবর্ষের প্রথম ক্লাস আজ
স্কুলে থাকবে নতুন বই
বিতরণের উৎসবমুখর
পরিবেশ**

■ ইত্তেফাক রিপোর্ট

আজ পনিবার ২ জানুয়ারি, নতুন
শিক্ষাবর্ষের প্রথম ক্লাস। নতুন উদ্যমে
শিক্ষার্থীরা আজ স্কুলে যাবে। পেছা হবে
বিনামূল্যের বই। নতুন বই বিতরণে স্কুল
ক্যাম্পাসে থাকবে উৎসবমুখর পরিবেশ।
প্রথমবারের মতো মাধ্যমিক স্তরে বিনামূল্যে
বই দেয়ার পরিবেশে আসবে তিনুতা।
ইতিপূর্বে শুধু প্রাথমিক স্কুলে বিনামূল্যে বই
০০ এর পর পৃষ্ঠা ২ কলাম ১

স্কুলে থাকবে নতুন বই

প্রথম পৃষ্ঠার পর

দেয়ার ও উৎসবমুখর পরিবেশ শুধু প্রাথমিক স্কুলের মধ্যেই সীমাবদ্ধ ছিল। এবার
মাধ্যমিক স্কুলেও থাকবে আনন্দময় পরিবেশ।

গত ৩০ জানুয়ারি প্রধানমন্ত্রী বিনামূল্যের পাঠ্যবই বিতরণ কার্যক্রমের উদ্বোধন
করেন। শিক্ষামন্ত্রী মুকুল ইসলাম নাইন আঞ্জ রাজধানীর আহিামপুর গার্লস স্কুল এন্ড
কলেজ এবং ধানমন্ডি গভঃ বয়েজ হাই স্কুলে মাঠপর্যায়ের পাঠ্যবই বিতরণ
কার্যক্রমের উদ্বোধন করবেন। গতকাল তরুবার এক অনুষ্ঠানে তিনি বলেছেন,
দেশের মাধ্যমিক ও প্রাথমিক স্তরের সব স্কুল, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানে ২০১০
শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক পৌঁছে গেছে। বছরের প্রথম ক্রমে সকল ছাত্রছাত্রীর হাতে
বই তুলে দিয়ে সরকারের অঙ্গীকার পূরণ করা হবে।

এনসিটিবি'র থেকে গ্রাড সর্বশেষ তথা অনুমাত্রী বৃহৎপরিবার পর্যন্ত প্রাথমিক
স্তরের ৮১ ভাগ, মাধ্যমিক স্তরের ৯৩ ভাগ, এবতেদায়ী স্তরের ৯৬ ভাগ, দারিদের
৪৯ ভাগ এবং কারিগরি ৫৬ ভাগ বই শিক্ষা প্রতিষ্ঠানে পৌঁছেছে। তরুবারও দেশের
বিভিন্ন স্থানে বই পৌঁছেছে। পাঠ্যবই বিতরণ কার্যক্রম মনিটরিংয়ের জন্য মাধ্যমিক
ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ও বিশেষ দায়িত্বপ্রাপ্ত কর্তৃক রতন নির্দিক বলেন, উঁত্র
কুয়াশার ফেরি চলাচল করতে না পারায় আরিচা মাওয়া ফেরিঘাটে পাঠ্যবই
বহনকারী ট্রাক অটিকে আছে। এনসিটিবি'সক থেকে বনৌপরিবহন মন্ত্রণালয়ে এ
বিষয়ে যোগাযোগ করে সর্বত্র পাঠ্যবই বহনকারী ট্রাকতপোকে পার করার জন্য
অনুরোধ জানানো হয়েছে। আজ সকালে ট্রাকগুলো ফেরি পারাপার করতে পারবে
বলে তিনি জানান।

এবছর প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের মধ্যে ৭ কোটি ৮০ লাখ ১০ হাজার
৯০৭টি, এবতেদায়ী মাদ্রাসা স্তরের শিক্ষার্থীদের মধ্যে ১ কোটি ৭৪ লাখ ৫ হাজার
২৩৮টি মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের মধ্যে ৭ কোটি ৪৭ লাখ ৭ হাজার ২২২টি
এবং দারিল মাদ্রাসার স্তরের শিক্ষার্থীদের মধ্যে ১ কোটি ৫০ লাখ ৬৩ হাজার
১৪৬টি বই বিতরণ করা হবে।